# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) :

ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫

## বাংলা ( Bengali )

সপ্তম পত্র – খ ( 7B Paper : Adhunik Bharatiya Kathasahitya )

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। প্রতিটি বর্গ থেকে **একটি** করে নিয়ে মোট **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ ১৮ × ২ = ৩৬

**‘ক’ বর্গ**

(অ) ‘ময়লা আঁচল’ উপন্যাসের গঠনশৈলী সম্পর্কে আলোচনা করুন।

(আ) ‘ময়লা চাদর’ উপন্যাসে রাণু ও মঙ্গলের সম্পর্কের বিবর্তনটির ওপর আলোকপাত করুন।

**‘খ’ বর্গ**

(অ) ‘সংস্কার’ উপন্যাসের মৃতদেহ সৎকার প্রসঙ্গের সঙ্গে আরও দুটি ভারতীয় কথাসাহিত্যের এমন কাহিনির তুলনামূলক আলোচনা করুন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(আ) অসমিয়া সাহিত্যে বীরেন্দ্রকুমার ভট্টাচার্য অথবা ইন্দিরা গোস্বামীর সাহিত্যকৃতির মূল্যায়ন উপস্থাপন করুন।

২। প্রতিটি বর্গ থেকে ন্যূনতম **একটি** করে নিয়ে মোট **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ ১২ × ৩ = ৩৬

**‘ক’ বর্গ**

(অ) ‘বদমাশ’ গল্পটির নামকরণের তাৎপর্য কী ? গল্পটির ভাববস্তু বিশ্লেষণ করে এ সম্পর্কে বিশ্লেষণাত্মক আলোচনা করুন।

(আ) ‘দেওয়াল’ গল্পটির মধ্যে জীবনবাস্তবতার যে অপরূপ প্রতিচ্ছবি শিল্পরূপ লাভ করেছে তার পরিচয় দিন।

(ই) ‘কনে দেখা’ গল্পের বিধ্বস্ত মধ্যবিত্ত জীবনের ওপর আলোকপাত করুন।

**‘খ’ বর্গ**

(অ) আধুনিক ভারতীয় কথাসাহিত্যে সাদাত হাসান মান্টোর রচনার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁর অবস্থান স্পষ্ট করুন।

(আ) তামিল কথাসাহিত্যিক ধন্ডপাণি জয়কান্তন অথবা মালয়লম কথাসাহিত্যিক তাকাষি শিবশঙ্কর পিল্লাই-এর সাহিত্যকৃতির পরিচয় দিন।

(ই) আধুনিক ভারতীয় সাহিত্যের প্রেক্ষাপট সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৪ × ৪ = **১৬**

(ক) টীকা লিখুন ( যে কোন **একটি** ) :

অ) মুলকরাজ আনন্দ

আ) পান্নালাল প্যাটেল।

(খ) 'মরীচিকা' গল্পে প্রতীক ব্যবহারের সার্থকতা সম্পর্কে লিখুন।

(গ) গড়ুড়াচার্য ও লক্ষণাচার্যের চরিত্রের তুলনামূলক আলোচনা করুন।

(ঘ) 'মাছ ও মানুষ' গল্পের মর্মবস্তু কী ?

(ঙ) ওড়িয়া কথাসাহিত্যিক ফকিরমোহন সেনাপতি সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(চ) দুর্বাশাপুরের প্লেগ মহামারীর চিত্রায়ণ কেমন ছিল সংক্ষেপে লিখুন।

(ছ) শিবনাথ করন্থ কে ? তাঁর সাহিত্যের ওপর সংক্ষেপে টীকা লিখুন।

(জ) যে-কোনো একজন রাজস্থানী সাহিত্যিক সম্পর্কে সংক্ষেপে লিখুন।

৪। যে-কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিন ঃ ২ × ৬ = **১২**

(ক) ইসমত চুঘতাই কে ? তাঁর লেখা একটি গ্রন্থের নাম লিখুন।

(খ) 'পাপ্পাতি' কথাটির ব্যুৎপত্তিগত অর্থ কী ? কোন্ প্রসঙ্গে এটি এসেছে ?





(গ) লাহোরের অ্যাংলো-ইন্ডিয়ান পাগলেরা কী নিয়ে শঙ্কিত ছিলেন ?

(ঘ) 'রঙরিজ্' বলে কে কাকে ডাকত ?

(ঙ) রাজা রাও কে ? তাঁর লেখা একটি গ্রন্থের নাম লিখুন।

(চ) নারায়নাপ্পার ভায়েরাভাই-এর নাম কি ?

(ছ) ভারতবর্ষের সংবিধান স্বীকৃত রাষ্ট্রভাষা ক'টি ? ভারতীয় আর্য ও দ্রাবিড়ীয় ভাষাপরিবারের দুটি ভাষার নাম লিখুন।

(জ) বালদেও এবং লছমি কে ? তারা কী করেছিল ?

(ঝ) প্রেমচন্দ্রের দুটি উপন্যাসের নাম লিখুন।

(ঞ) ঘিসু কোন্ গল্পের চরিত্র ? নেশা করে সে কী করেছিল ?